হাসাদাহ প্রেস ক্লাবের মাস্ক বিতরণ কর্মসুচির উদ্বোধন

দেশের এই মহামারি করোনা ভাইরাস থেকে রক্ষা পেতে হাসাদাহ সহ এর পাশর্^বর্তী জনগণের সু- সাস্থ্য রক্ষায় হাসাদাহ প্রেস ক্লাবের পক্ষ থেকে সাত দিন ব্যাপি মাস্ক বিতরণ কর্মসুচির অংশ হিসেবে গতকাল শুত্রবার বিকালে এই কর্মসূচির উদ্বোধন ঘোষনা করা হয়।
এ সময় উপস্থিত ছিলেন হাসাদাহ প্রেস ক্লাবের সভাপতি ডি.এম মতিয়ার রহমান, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, সহ সভাপতি ছামসুল আলম, যুগ্ন সাধারণ সম্পাদক মুন্সি কবির আহম্মদ, জাতীয় সাংবাদিক সমিতির সভাপতি কবির আহম্মদ মাষ্টার, কোষাধাক্ষ্য বদরুজ্জামান শ্যামল, প্রচার ও দপ্তর সম্পাদক আল আমন, জীবননগর সাংবাদিক সমিতির সাবেক সভাপতি আতিয়ার রহমান সহ আরো উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজ সেবক আলা উদ্দিন, বিশিষ্ট ব্যাবসায়ী কুতুব উদ্দিন, মোকলেছুর রহমান সহ এলাকার বিশিষ্ট জনেরা।
এ সময় উপস্থিত সকলেই নিজেদের সাস্থ্য সু রক্ষায় সরকারের নির্দেশনা বলি মেনে চলার জন্য বিশেষ ভাবে অনুরোধ জানান।

হরিণাকুণ্ডুতে সাংবাদিক শাহানুর আলমের মাস্ক বিতরণ

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার গুড়পাড়া ভাতুড়িয়া জামে মসজিদে দৈনিক ইত্তেফাকের হরিণাকুণ্ডু উপজেলা প্রতিনিধি ও দৈনিক মুক্ত খবরের জেলা প্রতিনিধি, ঝিনাইদহ প্রেসক্লাবের আইসিটি বিষয়ক সম্পাদক প্রভাষক মোঃ শাহানুর আলম মাস্ক বিতরণ করেছেন।
গতকাল শুক্রবার পবিত্র জুম্মার নামাজের পূর্বে মসজিদের মুসল্লীদের মাঝে এই মাস্ক বিতরণ করেন।
মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে এই মাস্ক বিতরণ করেন বলে তিনি জানান।
মাস্ক বিতরণের আগে তিনি সারা বিশ্বে করোনার ভয়াবহতা, সংক্রমণের

সতর্কতা ও স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়ে ও মসজিদের মুসল্লীদের প্রতি ধর্ম মন্ত্রণালয়ের যে ১০ দফা নির্দেশনা দিয়েছে সে সম্পর্কিত আলোচনা করেন।

ঝিনাইদহে নুরে আলম সিদ্দিকীর সুস্থতা কামনায় দোয়া মাহফিল

বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সভাপতি, ছয় দফা, ভাষা আন্দোলন ও বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের অন্যতম সংগঠক নূরে আলম সিদ্দিকীর সুস্থতা কামনায় ঝিনাইদহের বিভিন্ন মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার বাদ জুম্মা সদর উপজেলার কালিচরণপুর ইউনিয়নের ২৮টি মসজিদে এ দোয়া মাহফিলের আয়োজন করে যুবলীগ নেতা জাহাঙ্গীর আলম। এসময় তার সুস্থতা কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।
উল্লেখ্য, নুরে আলম সিদ্দিকী মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ও মুজিব বাহিনীর নেতা ছিলেন।
তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিপিও ছিলেন। তিনি যশোর-২ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন। নূরে আলম সিদ্দিকীর বড় ছেলে তাহজীব আলম সিদ্দিকী সমি ঝিনাইদহ-২ আসনের বর্তমান সংসদ সদস্য। নূরে আলম সিদ্দিকী বর্তমানে থাইল্যান্ডের একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। একই সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের প্রয়াত সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

ঝিনাইদহে সমাজে উঠতে হলো

জরিমানা দিয়ে

ঝিনাইদহ সদর উপজেলার ডেফলবাড়িয়া গ্রামে ৬ মাস একঘরে থেকে মাতববরদের ২০ হাজার টাকা জরিমানা দিয়ে সমাজে উঠতে হলো এক প্রবাসীর স্ত্রীকে। এ ঘটনায় গ্রাম্য মাতবরদের মাঝে ঘটেছে হামলা- পাল্টা হামলা, বাড়িঘর ভাংচুর ও লুটপাটের।
গত বৃহস্পতিবার রাতে ওই গ্রামের গাছাপাড়ায় এ ঘটনা ঘটে। এ ঘটনার পর থেকে এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে।
স্থানীয়রা জানায়, ১ বছর পুর্বে ওই গ্রামের মালেশিয়া প্রবাসী নবাই মন্ডলের স্ত্রী দিপালী বেগম স্বামীকে রেখে একই উপজেলার কুলবাড়িয়া গ্রামের বাবলুকে বিয়ে করে। সেখানে আড়াই মাস সংসার করার পর বাবলু তাকে তালাক দিয়ে বাবার বাড়িতে পাঠিয়ে দেয়। এরপর থেকে দিপালী বেগম বাবার বাড়িতে ছিল।
৬ মাস পূর্বে নবাই মন্ডল তার স্ত্রীর সাথে যোগাযোগ করে বিষয়টি সমাধান করে আবারো বিয়ে করে বাড়িতে আসতে বলে। দিপালী বেগম বাড়িতে এলে ওই গ্রামের ইউপি সদস্য কলিম উদ্দিন, গ্রাম্য মাতবর আলম হোসেন, কাশেম মন্ডল, মুকাদ্দেস মন্ডল, ইসাহাক মন্ডল তাকে একঘরে রাখার নির্দেশ দেয়। সেই সাথে কেউ তার বাড়িতে গেলে ৫’শ টাকা জরিমানা করা হবে বলে আইন জারি করে। সন্তানদের নিয়ে একঘরে অবস্থায় চলছিল দিপালীর দিন।
গত বুধবার সকালে ইসাহাক মন্ডল দিপালীর বাড়িতে গিয়ে বিষয়টি মিমাংসা করার জন্য মাতবরদের কাছে গিয়ে ক্ষমা চাওয়ার পরামর্শ দেন। এসময় কাশেম মন্ডল, আলম হোসেনের লোকজন ইসাহাককে লাঞ্ছিত করে।
এ নিয়ে গত বুধবার রাতে দিপালীর বাড়িতে শালিস বসায় আলম হোসেন, কাশেম মন্ডল, মুকাদ্দেস মন্ডলসহ স্থানীয় মাতবররা। একঘরে থেকে সমাজে উঠতে দিপালী বেগমকে ২৫ হাজার টাকা জরিমানা করে মাতবররা। সেই সাথে ইসাহাক দিপালীর বাড়িতে এসেছেন সেই অপরাধে তাকে ক্ষমা চাওয়ার নিদের্শ দেওয়া হয়।
দিপালী বেগম বলেন, আমার সমাজে উঠতে ২৫ হাজার টাকা জরিমানা করে মাতবররা। আমি বলে কইয়ে ২০ হাজার টাকা দিছি। গত বৃহস্পতিবার সকালে আলম মাতবরের হাতে ২০ হাজার টাকা দিয়েছি।
এদিকে, এ ঘটনার পর গত বৃহস্পতিবার রাতে ওই গ্রামের মাতব্বর কাশেম মোল্লার সাথে ইছাহাকের লোকজনের বাক-বিতন্ডা হয়। একই পর্যায়ে সংঘর্ষে কাশেমসহ ৪ জনকে মারধর করে আহত করা হয়।
এ ঘটনার পর রাতে কাশেম ও স্থানীয় ইউপি সদস্য কলিম উদ্দিনের লোকজন ইছাহাকের লোকজন ওই গ্রামের কাওছার মন্ডল, মাসুদুল মন্ডল,

তোতালেব মন্ডল, রেজাউল ইসলাম, তাহা মন্ডল, ইসলাম উদ্দিনসহ বেশ কয়েকজনের বাড়িঘরে হামলা চালিয়ে ভাংচুর ও গহনাসহ নগদ টাকা লুটপাট করে।
ইসাহাক মন্ডল বলেন, এই ঘটনার মুলে রয়েছে কলিম উদ্দিন মেম্বর। দিপালীর একঘরে করে রাখা, জরিমানা করা ও হামলা ভাংচুর করিয়েছে। গ্রাম্য মাতব্বর আলম হোসেন জরিমানার বিষয়টি অস্বীকার করে বলেন, আমরা দিপালীকে একঘরে করে রাখিনী, আমরা ওই মহিলার সাথে কথা বলি না।
এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান বলেন, গতকাল একটি ঘটনা ঘটেছে। বাড়িঘর ভাংচুর লুটপাটের বিষয়ে সেখানে পুলিশ পাঠানো হয়েছে।

মেহেরপুরে নতুন ৯ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে প্রাণঘাতী করোনো ভাইরাসে আরো ৯ জন আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় মোট করোনা রোগী দাঁড়াল ৫৩ জনে।
গতকাল শুক্রবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, ফলাফল এসেছে ২৯টি। এর মধ্যে নতুন করে ৯ জন করোনা রোগী শনাক্ত হয়েছে।
আক্রান্তদের মধ্যে সদর উপজেলার ৪ জন ও ৩ জন গাংনীর, মুজিবনগরের ১ জন এবং চুয়াডাঙ্গার দামুড়হুদার ১ জন বাসিন্দা। এ এ সকল রিপোর্ট কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল থেকে দেওয়া হয় ।
এ নিয়ে জেলায় প্রাপ্ত রির্পোট ৬ হাজার ২৫৩টি। মোট আক্রান্ত ৮৫২ জন এবং মৃত্যুবরণ করেছে ১৭ জন, সুস্থ ৭২১জন, ট্রান্সফার্ড ৬২ জন। ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় মেহেরপুর টিএন্ডটি পাড়ার তহুড়া খাতুন(৬৫), তাঁর ছেলে মফিজুর রহমান (৪২), আমঝুপির মর্জিনা খাতুন(৬০),বারাদির আমেনা খাতুন(৬০),গাংনীর ফজলুল হক(৫২), কাজিপুরের রাজু আহমেদ(৩০),বাঁশবাড়িয়ার মাহাফুজা (২৪), মুজিবনগর রামনগরের নজরুল ইসলাম(৭০) এবঙ দামুড়হুদার কামাল হোসেন (৪৮)।

সবাইকে সামাজিক দূরত্ব মেনে নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার

অভ্যাস বজায় রাখাসহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে চলা এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন।

মেহেরপুরের দরবেশপুরে সড়ক দুর্ঘটনায় যুবকের মৃত্যু

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের দরবেশপুরে মোটরসাইকেল ও বাঁশ বোঝায় আলগামনের মুখোমুখি সংঘর্ষে রিপন হোসেন (২৩) নামের এক মাইক্রো বাসের ড্রাইভার নিহত হয়েছেন।
শুক্রবার বিকাল পাঁচটার সময় মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের সদর উপজেলার দরবেশপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত রিপন মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের আবদুল হাকিমের ছেলে।
স্থানীয়রা জানান, রিপন হোসেন ও তার বন্ধু মামুন মোটরসাইকেলযোগে চুয়াডাঙ্গা যাওয়ার পথে দরবেশপুর বাজার এলাকায় পৌঁছালে বিপরীত দিকে ছেড়ে আসা বাঁশ বোঝাই স্যলো ইঞ্জিনচালিত একটি আলগামনের মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে ঘটনাস্থলেই রিপন নিহত হয়। আহত মামুনকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।
মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

আলমডাঙ্গায় জনসচেতনতা গড়ে তুলতে সাংবাদিকদের মাস্ক বিতরণ

করোনা ভাইরাসের প্রকোপ বৃদ্ধি পাওয়ায় আলমডাঙ্গা জনসচেতনতা গড়ে তোলার লক্ষে সাংবাদিকদের উদ্যোগে মাস্ক বিতরণ করা হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার পুলক কুমার মন্ডল ও থানার অফিসার ইনচার্জ আলমগীর কবির অতিথি হিসেবে উপস্থিত থেকে এ মাস্ক বিতরণ করেন।
এসএসসি ৯৩ ব্যাচের সহযোগিতায় এ মাস্ত বিতরণকালে সাংবাদিকদের মধ্যে উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সহসভাপতি রহমান মুকুল, ইউনুস আলী মন্ডল, যুগ্ম সম্পাদক প্রশান্ত বিশ্বাস, সহ সম্পাদক রুনু খন্দকার, সাংবাদিক শরিফুল ইসলাম রোকন, গোলাম সরোয়ার সদু, তানভীর সোহেল, নাহিদ হাসান, মুক্তার আলী, ৯৩ ব্যাচের বন্ধু সংগঠনের সভাপতি ফজজুল হক, জহুরুল ইসলাম প্রমুখ।
এ সময় উপজেলা নির্বাহী অফিসার পুলক কুমার মন্ডল বলেন, সবাইকে সরকারী নির্দেশনা মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে চলতে হবে। বিনা কারণে শহরে ঘুরে না বেড়িয়ে ঘরে থাকুন। দরকারী কাজে বাইরে বের হলে অবশ্যই মাস্ক পরতে হবে।

আলমডাঙ্গা মহিলা কাউন্সিলের মহৎ উদ্যোগ

আলমডাঙ্গায় মহিলা সংরক্ষিত আসনের কাউন্সিলর মনোয়ারা খাতুনের মহৎ উদ্যোগ। সদ্য নির্মিত পৌর এলাকার এক্সচেঞ্জ পাড়া টু হিজরা পাড়ার নির্মিত পানি সাপ্লাইয়ের কাজ চলছে।
ইতো মধ্যে পৌরসভার উদ্যোগে বিএম ডাব্লিউ রাস্তার ইট উত্তোলন করা হয়েছে। এ ইট স্থানীয়রা বাড়িতে নিয়ে গোপনে রেখে দেয়।
এরই কারণে পূণরায় রাস্তায় ইট ব্যবহার করতে গেলে ইট খুজে না পেলে মহিলা কাউন্সিলর মনোয়ারা খাতুন আলমডাঙ্গা পৌর মেয়র হাসান কাদির গনু মিয়ার সাথে যোগাযোগ করে গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহণ করে। মহিলা কাউন্সিলর ও স্থানীয় যুবকদের সহযোগিতায় স্থানীয়দের লুকিয়ে রাখা ইট খুঁজে সংরক্ষণ করে। আবারো অবশিষ্ট ইট গুলো পূণরায় রাস্তার কাজে ব্যবহার করা হয়।
এমন উদ্যোগের পাশাপাশি মহিলা সংরক্ষিত কাউন্সিলর মনোয়ারা খাতুন দুস্ত পরিবারের সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার ঘটনায় ব্যাপক প্রশংসিত হয়েছে।

মেহেরপুর ট্রাফিক পুলিশের মাস্ক ব্যবহার নিশ্চিতকরণে সচেতনতামূলক প্রচারণা

মাস্ক পরার অভ্যেস, করোনামুক্ত বাংলাদেশ” এই শ্লোগানকে সামনে রেখে মেহেরপুর জেলা ট্রাফিক পুলিশের উদ্যোগে সাধারণ মানুষের মধ্যে শতভাগ মাস্ক ব্যবহার নিশ্চিতকরণে সচেতনতামূলক কার্যক্রমসহ জনসাধারণের মাঝে মাস্ক বিতরণ করা হয়েছে।

শুক্রবার সকালের দিকে মেহেরপুর ট্রাফিক ইন্সপেক্টর সর্দার বুলবুল আহমেদের নেতৃত্বে ট্রাফিক পুলিশের একটি দল মেহেরপুর শহরের হোটেল বাজার মোড় এবং পুরাতন বাস স্ট্যান্ড এলাকায় জনসচেতনতা মূলক প্রচারণা চালান। অযাথা ঘরের বাইরে বের না হওয়ার জন্য ট্রাফিক পুলিশের পক্ষ থেকে আহ্বান জানানো হয়। একইসাথে সকলকে মাস্ক ব্যবহার করার জন্য আহ্বান জানানো হয়।

মেহেরপুরে করোনায় আক্রান্ত হয়ে ব্যবসায়ী মৃত্যু

মেহেরপুর শহরের বেড়পাড়া এলাকার বাসিন্দা ব্যবসায়ী খায়রুল ইসলাম করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। (ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।)

শুক্রবার সকালের দিকে ঢাকা কুয়েত মৈত্রী হাসপাতাল চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। কয়েকদিন আগে তিনি করোনায় আক্রান্ত হলে ঢাকার ওই হাসপাতালে ভর্তি করা হয়। মরহুমের স্ত্রী দুই সন্তানসহ অসংখ্য গুণগ্রাহী রয়েছে। মরহুমের মরদেহ মেহেরপুরে